বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি - ফেব্রুয়ারি, ২০১৮

জাতীয় দলের ক্যাম্প শুরু

৪ থেকে ১৫ সেপ্টেম্বর ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে সাফ চ্যাম্পিয়নশীপ ২০১৮। প্রস্তুতির অংশ হিসেবে বাংলাদেশ জাতীয় ফুটবল দল লাওসের বিপক্ষে একটি আন্তর্জাতিক ম্যাচ খেলবে ‘১ম স্তর ফিফা আন্তর্জাতিক ফুটবল ম্যাচ’ সূচীর অধীনে।

খেলোয়াড়দেরকে পূর্ণরূপে প্রস্তুত করতে সাভারে অবস্থিত বিকেএসপি’র আন্তর্জাতিক হোস্টেলে ৩৫ সদস্যের প্রাথমিক দলের আবাসিক ক্যাম্প শুরু হয়েছে ১৩ ফেব্রুয়ারি থেকে।

আমাদের বিশ্বাস, একটি শক্তিশালী দল গঠনের মাধ্যমে ভবিষ্যতে ভাল ফলাফল আসবে।

পর্দা নামল স্বাধীনতা কাপ ২০১৮’র

আরামবাগ ক্রীড়া সঙ্ঘের শিরোপা অর্জনের মধ্য দিয়ে ফেব্রুয়ারির ১০ তারিখে পর্দা নামল স্বাধীনতা কাপের সর্বশেষ আসরের।

ওয়ালটন স্বাধীনতা কাপের ফাইনালে গত আসরের চ্যাম্পিয়ন চট্টগ্রাম আবাহনীকে ২-০ গোলে হারিয়ে প্রথমবারের মত এই টুর্নামেন্টের শিরোপা জিতল ঢাকার অন্যতম প্রবীন ক্লাব আরামবাগ ক্রীড়া চক্র।

স্থানীয় ফুটবলারদের নৈপুন্য প্রদর্শনের এই টুর্নামেন্ট ছিল স্বাধীনতা কাপের আরেকটি সফল আসর।

প্রতিবারের মত এই আসরটিও নবীন ও স্থানীয় ফুটবলারদের জন্য ছিল নৈপুন্য ও কৃতিত্ব প্রদর্শনের একটি বড় সুযোগ।

স্থানীয় প্রতিভাবান ফুটবলারদেরকে এগিয়ে নিতে এবং তাদেরকে আত্মবিশ্বাস ও উদ্দীপনার সাথে আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতা করার জন্য তৈরি করতে বাফুফে আরো সুযোগ সৃষ্টির পরিকল্পনা নিয়েছে।

মাদারিপুরে কৃত্রিম টার্ফ তৈরি

ফেব্রুয়ারির ৯ তারিখে মাদারিপুরে উদ্বোধিত হল ‘এএফসি প্রেসিডেন্ট’স ইনিশিয়েটিভঃ মিনি পিচ স্কিম ২০১৭’ এর অধীনে তৈরিকৃত কৃত্রিম টার্ফ।

তৃণমূলের মেধাবী ফুটবলারদেরকে বাছাই করতে এবং তাদের প্রতিভা বিকাশিত করার লক্ষ্য নিয়ে এই টার্ফ উদ্বোধিত হল।

জানুয়ারির ৭ তারিখে নীলফামারিতে উদ্বোধিত হয়েছিল উক্ত প্রকল্পের অধীনে নির্মিত সর্বপ্রথম মিনি টার্ফ।

একই প্রকল্পের অধীনে ফেনীতে নির্মিত আরেকটি কৃত্রিম টার্ফ উদ্বোধনের অপেক্ষায় আছে।

আগামীতে বিভিন্ন জেলায় এমন আরো টার্ফ নির্মিত হবে।

প্রতিশ্রুতিশীল ফুটবলারদেরকে তুলে আনার লক্ষ্যে চলতি বছরেই আরো তিনটি টার্ফ নির্মানের জন্য এএফসি’র কাছে বাফুফে আবেদন করবে।

বাফুফে-এএফসি ‘বি’ কোর্সের দ্বিতীয় পর্ব শুরু

২৪ ফেব্রুয়ারি, ২০১৮ শুরু হয়েছে ‘বাফুফে-এএফসি ‘বি’ সার্টিফিকেট কোচিং কোর্সে’র দ্বিতীয় পর্ব।

প্রশিক্ষণ সম্পন্ন করতে প্রথম পর্বে অংশ নেয়া ২২ জন কোচের সবাইই দ্বিতীয় পর্বে অংশগ্রহণ করছেন।

দেশের কোচদেরকে ফুটবলের উন্নত কৌশল ও দক্ষতার সাথে পরিচিত করতে এবং তাদেরকে ব্যক্তিগত ও দলীয় বোঝাপড়া সম্পর্কে অবগত করতে এই প্রথমবারের মত আয়োজন করা হয়েছে ‘বাফুফে-এএফসি ‘বি’ সার্টিফিকেট কোচিং কোর্স’।

প্রশিক্ষণের অর্ধেকটা সম্পন্ন হয়েছিল প্রথম পর্বে। দ্বিতীয় পর্ব প্রশিক্ষণের চূড়ান্ত পর্ব।

এছাড়াও, ১০ মার্চ, ২০১৮ তারিখে শুরু হচ্ছে ‘বাফুফে-এএফসি ‘এএস’ সার্টিফিকেট কোচিং কোর্স’।

জাতীয় প্রযুক্তিগত পরিচালক পল স্মলি কোর্সগুলোর তত্ত্বাবধান করছেন।

অনুর্ধ্ব-১৫ নারী দলের হংকং যাত্রা

চার জাতির একটি প্রীতি টুর্নামেন্টে অংশ নিতে বাংলাদেশ অনুর্ধ্ব-১৫ নারী দল মার্চের শেষে হংকং সফরে যাচ্ছে।

হংকং ফুটবল অ্যাসোসিয়েশনের আমন্ত্রণে উক্ত টুর্নামেন্টে আরো অংশ নিচ্ছে ইরান এবং চায়নিজ তাইপে।

টুর্নামেন্টটিতে একক লিগ পদ্ধতিতে খেলা হবে এবং পয়েন্ট টেবিলের শীর্ষ দল চ্যাম্পিয়ন হিসেবে শিরোপা লাভ করবে।

এএফসি ফুটসালে বাংলাদেশ নারী দল

বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) বাংলাদেশ নারী ফুটবল দলকে এএফসি ফুটসাল চ্যাম্পিয়নশীপ ২০১৮ তে পাঠানোর পদক্ষেপ নিয়েছে।

আগামী মার্চে থাইল্যান্ডের আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে প্রতিযোগিতাটি।

স্বাগতিক থাইল্যান্ড ছাড়াও উক্ত প্রতিযোগিতায় ইরান, জাপান, মালেশিয়া, চীন, হংকং, উজবেকিস্তান, ভিয়েতনাম, বাহরাইন, চায়নিজ তাইপে, লেবানন, ম্যাকাও, তুর্কমেনিস্তান এবং ইন্দোনেশিয়া অংশ নিচ্ছে।

রেফারিদের প্রশিক্ষণ সম্পন্ন

১৪ ফেব্রুয়ারি সমাপ্ত হল বাফুফের আয়োজনে এবং বাফুফে রেফারি কমিটির পরিচালনায় 'নতুন রেফারিদের প্রশিক্ষণ কোর্স- ২০১৮'।

৩২ জেলা থেকে ৫ জন নারীসহ মোট ৫৬ জন রেফারির অংশগ্রহনের মধ্য দিয়ে কোর্সটি শুরু হয়েছিল ৯ ফেব্রুয়ারি।

এই কোর্সের মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ রেফারিং এর যাবতীয় তাত্ত্বিক ও প্রায়োগিক প্রশিক্ষণ লাভ করেন।

বাফুফে ম্যাচ কমিশনার কোর্স

আসন্ন ২০১৮ মৌসুমের সবগুলো ম্যাচ পরিচালনার জন্য বাফুফে একটি ম্যাচ কমিশনার প্যানেল গঠন করতে যাচ্ছে।

এই কমিশন ২০১৮ মৌসুমের বাংলাদেশ প্রিমিয়ার লিগ, ১ম বিভাগ ফুটবল লিগ, ২য় বিভাগ ফুটবল লিগ এবং তৃতীয় বিভাগ ফুটবল লিগসহ সব টুর্নামেন্টের ম্যাচগুলো পরিচালনার দায়িত্ব লাভ করবে।

প্যানেলটি গঠন করতে বাফুফে একদিনব্যাপী একটি কোর্সের আয়োজন করবে মার্চের তৃতীয় সপ্তাহে।

শীঘ্রই দেশব্যাপী অনুর্ধ্ব-১৭ টুর্নামেন্ট

তরুণ সমাজকে মাদক এবং অবক্ষয় থেকে দূরে রাখতে সরকার আরেকটি টুর্নামেন্ট আয়োজনের পরিকল্পনা নিয়েছে। অ-১৭ টুর্নামেন্টটি অনুষ্ঠিত হবে দেশব্যাপী।

আমি আবারো আনন্দের সাথে উল্লেখ করতে চাই যে জাতীয় ক্রীড়া পরিষদ প্রতিটি উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মান করছে, যা হবে সবার জন্য উন্মুক্ত।

আমাদের লক্ষ্য হল আগামী বছর থেকে সমগ্র দেশব্যাপী টুর্নামেন্ট আয়োজন করা।

এএফসি উন্নয়ন কর্মকর্তাদের বাফুফে সফর

এএফসি প্রেসিডেন্সিয়াল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ এর অধীনে বাংলাদেশের ফুটবলের উন্নতি-অগ্রগতি সম্পর্কে আলোচনা করতে এশিয়ান ফুটবল কনফেডারেশনের (এএফসি) উন্নয়নবিষয়ক কর্মকর্তা দোমেকা গাইজকা গারায়েন্দি এবং যোগেশ শ্রীকান্ত দেশাই বাফুফে পরিদর্শন করেছেন।

দুইদিনের সফরে তারা বাফুফের বিভিন্ন বিভাগের সাথে ক্লাব অনুমোদন, মাঠ উন্নয়ন, রেফারিং ও মিডিয়াসংক্রান্ত আলোচনা সহ নানা দিক নিয়ে আলোচনা করেন।

ভারতের সেতু এফসি’র জন্য খেলবে সাবিনা-কৃষ্ণা

আমি খুবই আনন্দিত যে একটি সুসংবাদ দানের মাধ্যমে আমি আমার বিবৃতি শেষ করছি।

বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দলের অধিনায়ক সাবিনা খাতুন এবং তারকা খেলোয়াড় কৃষ্ণা রাণী সরকার ভারতের ফ্র্যাঞ্চাইজি লিগ ‘ইন্ডিয়ান ওমেন্স লিগ’ এ সেতু এফসি’র হয়ে খেলতে যাচ্ছে।

সাবিনার ইতোমধ্যেই বিদেশের ক্লাবের জন্য খেলার অভিজ্ঞতা হয়েছে। কিন্তু কৃষ্ণা রাণী সরকার এবারই প্রথম কোন বিদেশী ক্লাবের হয়ে খেলতে যাচ্ছে।

সাবিনা-কৃষ্ণার পাশাপাশি আরো কয়েকজন খেলোয়াড়ও 'ইন্ডিয়ান ওমেন্স লিগে' খেলার সম্ভাবনা আছে। সানজিদা, আঁখি খাতুন, মারিয়া মান্ডাও উক্ত লিগের অন্য কয়েকটি দলের নজরে এসেছে।

আমি তাদের প্রত্যেকের প্রতিটি প্রচেষ্টার বিপরীতে সাফল্য কামনা করি।